বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইল dgmpid@krishibank.org.bd


সার্কুলার লেটার নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)এসএমই-৬(২)/২০২২-২০২৩/ ৫৩৫(১২৫০) তারিখ ঃ ২৮/০৮/২০২২

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়** ঃ করোনা মহামারি প্রেক্ষাপটে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল দ্বারা গঠিত এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে মেয়াদি ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ হিসাবের নতুন খাত খোলা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৭/২০২২ তারিখঃ ০৪/০৮/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো ।

০২। উল্লিখিত পরিপত্র মোতাবেক অংশীদারি ব্যাংক হিসাবে বাংলাদেশ কৃষি ব্যাংক এবং এসএমই ফাউন্ডেশন এর মাঝে রিভলভিং ফান্ড হতে অর্থায়নের লক্ষ্যে বিগত ২৭/০৭/২০২২ তারিখে একটি দ্বিপাক্ষিক অর্থায়ন চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে। ঋণসমূহ মধ্যমেয়াদী ঋণ হিসাবে বিবেচিত হবে এবং গ্রাহক পর্যায়ে ছয় মাস গ্রেস পিরিয়ডসহ ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ০৩(তিন) বছর।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রতিমাসের ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্য ও বিবরণী নির্ধারিত ছক অনুযায়ী পরবর্তী মাসের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এসএমই ফাউন্ডেশনকে অনলাইনের মাধ্যমে (সফট কপি) প্রেরণ করতে হবে। হবে। হিসাবায়নের স্বচ্ছতার স্বার্থে এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড হতে পূনঃঅর্থায়নের আওতায় মেয়াদী ঋণ বিতরণের জন্য নিম্নোক্তভাবে একটি আলাদা নতুন খাত/উপখাত খোলা হয়েছে।

| ক্রঃনঃ | খাত/উপখাতের শিরোনাম | হিসাব খাত | |
|---|---|---|---|
| | | মূল খাত | বরাদ্দকৃত উপখাত |
| ০১ | এসএমই ফাউন্ডেশন রিভলভিং ফান্ড এর আওতায় মেয়াদী ঋণ। | ১০২ | ১০২/৩৫ |
| ০২ | এসএমই ফাউন্ডেশন রিভলভিং ফান্ড এর আওতায় মেয়াদী ঋণের সুদ প্রভিশন। | ১৩১ | ১৩১/১৮৫ |
| ০৩ | এসএমই ফাউন্ডেশন রিভলভিং ফান্ড এর আওতায় মেয়াদী ঋণের সুদ আয়। | ৪৬ | ৪৬/১৩৫ |

০৪। এমতাবস্থায়, উপরোক্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্য ও বিবরণী নির্ধারিত ছক অনুযায়ী পরবর্তী মাসের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এসএমই ফাউন্ডেশনকে অনলাইনের মাধ্যমে (সফট কপি) প্রেরণ করতে হবে বিধায় ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া ঋণ বিতরনের খাতওয়ারী তথ্য দৈনিক ভিত্তিতে Web Portal এন্ট্রি প্রদান করতে হবে। উল্লেখ্য, প্রেরিত মাসিক বিবরনী Web Portal এর সাথে সামঞ্জস্য থাকতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগন ঋণ বিতরন, আদায় কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

২৮/৮/২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

D/SME Dep/Mosharraf/MCC

**বিষয়** ঃ করোনা মহামারি প্রেক্ষাপটে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল দ্বারা গঠিত এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে মেয়াদি ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ হিসাবের নতুন খাত খোলা প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)এসএমই-৬(২)/২০২২-২০২৩/ ৫৬৫(১২৫৩) তারিখঃ ২৮/০৮/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Mhossain
28/08/2022
(মুহাম্মদ মোশাররফ হোসন)
সহকারী মহাব্যবস্থাপক

D/SME Dep/Mosharraf/MCC